# মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি)
বনশিল্প ভবন
৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, প্রধান কার্যালয়, ঢাকা
www.bfidc.gov.bd

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি)
বনশিল্প ভবন
৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, প্রধান কার্যালয়, ঢাকা
www.bfidc.gov.bd

# মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিস্পত্তির নীতিমালা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
সংস্থাপন শাখা
বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.bfidc.gov.bd

রাবার কাঠ শক্ত, টেকসই ও উন্নতমানের। আপনিও রাবার কাঠের আসবাবপত্র ব্যবহার করুন।

নম্বর: ২২.০৩.০০০০.১০৬.২২.০০১.২৩.৮১৭

তারিখ: ২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

বিএফআইডিসি'র গত ০৪ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৬৮১ তম বোর্ড সভার আলোচ্য সূচি-১৪ এ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক "বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির জন্য উপস্থাপিত/প্রস্তুতকৃত খসড়া নীতিমালাটি প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনক্রমে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল"।

২। বোর্ডের সিদ্ধান্তক্রমে এ আদেশ জারি করা হ'ল।

১৮-১০-২০২৩
মোঃ আবুল আমিন
সচিব
০২২২৩৩৮২১১
secretary@bfidc.gov.bd

তারিখ: ২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ২২.০৩.০০০০.১০৬.২২.০০১.২৩.৮১৭/১ (৬)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (সকল), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা;
২। মহাব্যবস্থাপক(সকল), বিএফআইডিসি,;
৩। শাখা প্রধান(সকল), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা;
৪। ইউনিট প্রধান/ব্যবস্থাপক(সকল)/অধ্যক্ষ, বিএফআইডিসি,..............................;
৫। উপব্যবস্থাপক (প্রশাসন) (চলতি দায়িত্ব ), আইন ও বোর্ড শাখা, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা এবং
৬। একান্ত সচিব, চেয়ারম্যান এঁর দপ্তর, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২২-১০-২০২৩
মোঃ আবুল আমিন
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
সংস্থাপন শাখা
বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.bfidc.gov.bd

রাবার কাঠ শক্ত, টেকসই ও উন্নতমানের। আপনিও রাবার কাঠের আসবাবপত্র ব্যবহার করুন।

তারিখ: ৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ২২.০৩.০০০০.১০৬.৩৯.০০৫.২২.৭৫৩

## অফিস আদেশ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১ মে ১৯৯৯ তারিখের সম(পরি)প-৫/ ৯৮-১৫৮(২০০) নং অফিস স্মারকের ৭ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ এর খসড়া নীতিমালা প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হ'ল:

| | | |
|---|---|---|
| ১ | পরিচালক (উৎ ও বা.), বিএফআইডিসি সদর দপ্তর, ঢাকা | আহ্বায়ক |
| ২ | মহাব্যবস্থাপক(পরিকল্পনা ও উন্নয়ন), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ৩ | সচিব, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ৪ | মহাব্যবস্থাপক (রাবার), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ৫ | ব্যবস্থাপক (নিরীক্ষা) , বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ৬ | সহকারি প্রকৌশলী (যান্ত্রিক) বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ৭ | সহ-ব্যবস্থাপক(সা. সে), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ৮ | ব্যবস্থাপক (পা.), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা | সদস্য-সচিব |

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**কমিটির কার্যপরিধি:**

১. কমিটি জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ১১ মে ১৯৯৯ তারিখের সম(পরি)প-৫/ ৯৮-১৫৮(২০০) নং অফিস স্মারকে জারীকৃত মন্ত্রণালয়/ বিভাগ এবং উহার অধীন দপ্তর/ সংযুক্ত দপ্তর/ পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা অনুকরণে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের জন্য নিজস্ব নীতিমালার খসড়া প্রণয়ন করে পেশ করবেন।

২. কমিটি ০৭(সাত) কর্মদিবসের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবেন।

৩. কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবেন।

২১-০৯-২০২৩
মোঃ ফারুক হোসেন
সচিব (বিকল্প কর্মকর্তা)
০২২২৩৩৮২১১
secretary@bfidc.gov.bd

নম্বর:

তারিখ: ৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/(অর্থ)/(উৎপাদন ও বাণিজ্য), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।;

২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)/(রাবার)/(উৎপাদন ও বিক্রয়), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।;

৩। সচিব, সচিব এর দপ্তর, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন;

৪। মহাব্যবস্থাপক, বিএফআইডিসি, রাবার বিভাগ (সকল)।;

৫। ব্যবস্থাপক (হিসাব), হিসাব বিভাগ, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন;

৬। ব্যবস্থাপক (নিরীক্ষা), নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন;

৭। বিএফআইডিসি, শিল্প ইউনিট (সকল);

৮। ব্যবস্থাপক (প্রশাসন), সংস্থাপন শাখা, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন;

৯। বাগান প্রধান(সকল), .;

১০। একান্ত সচিব, চেয়ারম্যান এঁর দপ্তর, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন[চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য];

১১। সহকারী প্রকৌশলী, বাস্তবায়ন শাখা, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এবং

১২। সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব), সাধারণ সেবা শাখা, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন।

২১-০৯-২০২৩
মোঃ ফারুক হোসেন
সচিব (বিকল্প কর্মকর্তা)

# বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি)

## বিএফআইডিসি'র অকেজো মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের (সাবেক সংস্থাপন মন্ত্রণালয়) পরিবহন শাখার ১১ই মে ১৯৯৯ তারিখের সম/পরি/প-৫/৯৮-১৫৮(২০০) নং অফিস স্মারকে জারিকৃত নীতিমালার অনুচ্ছেদ-৭ অনুযায়ী **বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের** ৬৮১ তম পর্ষদ সভার অনুমোদনক্রমে **বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের** মোটরযান, নৌযান, কম্পিউটার এবং অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা প্রণয়ন করা হইল:

**০২। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মোটরযান, নৌযান, কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হইল:**

| | | |
|---|---|---|
| (ক) | পরিচালক (উৎপাদন ও বাণিজ্য), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা | সভাপতি |
| (খ) | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| (গ) | সহকারি প্রকৌশলী (যান্ত্রিক/ ইলেকট্রিক্যাল), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| (ঘ) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন কম্পিউটার বিশেষজ্ঞ | সদস্য |
| (ঙ) | বিটাক এর একজন প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র প্রকৌশলী) | সদস্য |
| (চ) | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ছ) | সরকারি যানবাহন অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (জ) | সচিব, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা | সদস্য-সচিব |

**০৩। এ কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক নতুন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করিতে পারিবে।**

**০৪। সাধারণ সেবা শাখা উক্ত কাজের প্রয়োজনে চেয়ারম্যানের অনুমোদনক্রমে স্বতন্ত্রভাবে অফিস আদেশের মাধ্যমে সদস্যদের নাম/ পদবি উল্লেখপূর্বক কমিটি গঠন করিবে। কাজের প্রকৃতির বিভিন্নতার কারণে এ কমিটির সভা অনুষ্ঠানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় যথাযথভাবে অনুসরণ করিবে:**

৪.১ মোটরযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (গ), (চ) ও (ছ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকিবেন;

৪.২ নৌযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২ নং অনুচ্ছেদের (খ), (গ) ও (ছ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকিবেন;

৪.৩ কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (খ) ও (ঘ) নং ক্রমিকে উল্লিখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকিবেন; এবং

৪.৪ অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (খ) ও (ঙ) নং ক্রমিকে উল্লিখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকিবেন।

**০৫। অকেজো ঘোষণাকরণ কমিটির সদস্য-সচিব সভাপতির সাথে আলোচনাপূর্বক কমিটির সভা আহবান করিবেন। এ কমিটির সভার কার্যবিবরণীতে অকেজো ঘোষণাযোগ্য মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতির সংরক্ষিত মূল্য নির্ধারণ করিয়া কমিটির মতামত সুপারিশ আকারে লিপিবদ্ধ করিবেন। সংশ্লিষ্ট মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতির জন্য বিএফআইডিসি'র অকেজো ঘোষণাকরণ কমিটির সুপারিশের আলোকে সাধারণ সেবা শাখা ঐগুলোর ওপর চূড়ান্ত সিদ্ধান্তের জন্য চেয়ারম্যানের নিকট পেশ করিবে। মোটরযানের ক্ষেত্রে পর্ষদ সভার অনুমোদনক্রমে চেয়ারম্যান বিষয়টি নিষ্পত্তি করিবেন। কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতির বিষয়ে চেয়ারম্যানই চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন। প্রয়োজনবোধে**

**উক্ত কমিটি যুক্তিসংগত কারণে সংরক্ষিত মূল্য পুনর্নির্ধারণের জন্য সুপারিশ করিতে পারিবে। এ ব্যাপারে গৃহীত সিদ্ধান্ত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়কে অবহিত করিতে হইবে।**

০৬। **অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজন মনে করিলে সকল বা কিছুসংখ্যক অকেজো ঘোষণার প্রস্তাবিত মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি সমুদয় বা আংশিক প্রত্যক্ষ/ সরেজমিনে পরিদর্শন করিতে পারিবে।**

০৭। **এই নীতিমালার আওতায় নিম্নলিখিত যানবাহন/ যন্ত্রপাতি অন্তর্ভুক্ত থাকিবে:**

৭.১ সকল প্রকার মোটরযান, যেমন- কার, জীপ, পিকআপ, মাইক্রোবাস, মিনিবাস, বাস, অ্যাম্বুলেন্স, ট্রাক, মোটর সাইকেল, ইত্যাদি;

৭.২ সকল প্রকার নৌযান/ যেমন- লঞ্চ, কেবিন ক্রুজার, রেসকিউ বোট, স্পীডবোট ইত্যাদি, ইহাদের হাল বডি অথবা ইঞ্জিন;

৭.৩ কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি; এবং

৭.৪ অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি যেমন-টাইপরাইটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, ফ্র্যাংকিং মেশিন, এয়ারকন্ডিশনার, মানি কাউন্টিং মেশিন, জাল নোট সনাক্তকরণ মেশিন, রেফ্রিজারেটর, ওভেন ইত্যাদি।

০৮। **বিএফআইডিসি'র মোটরযান, নৌযান, কম্পিউটার বা অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে:**

৮.১। **মোটরযান অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলি:**

৮.১.১ মেরামতের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত মোটরযান সম্পর্কে মালিকানা দপ্তর/ব্যবহারকারী বিভাগ নির্দিষ্ট ছকে **(পরিশিষ্ট ক-১)** বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করে তা বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণপূর্বক প্রত্যক্ষ/ সরেজমিন পরিদর্শন করে মেরামতের অযোগ্যতার প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করিবে।

৮.১.২ সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শক সরেজমিনে মোটরযানটি পরিদর্শনপূর্বক মোটরযানটি মেরামতের অযোগ্য হইলে বা মেরামত করে ব্যবহার করা অলাভজনক বিবেচিত হইলে সে মর্মে নির্ধারিত ছকে **(পরিশিষ্ট ক-২)** কারিগরি প্রতিবেদন প্রণয়ন করিয়া সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) এর প্রতিস্বাক্ষরে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তরে প্রতিবেদন প্রেরণ করিবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করিয়া পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করিতে হইবে। অতঃপর সাধারণ সেবা শাখা উক্ত প্রতিবেদন কর্পোরেশনের মোটরযান/ নৌযান/ কম্পিউটার/ অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটি সমীপে পেশ করিবে; এবং

৮.১.৩ মালিকানা দপ্তর/ ব্যবহারকারী দপ্তর বিআরটিএ এর প্রতিবেদন প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে সভা আহ্বান করিয়া কমিটিকে চেয়ারম্যানের নিকট প্রতিবেদন দাখিল করিতে হইবে।

৮.২। **মোটরযান অকেজো ঘোষণার নির্ণায়ক:**

৮.২.১ ঘন ঘন মেরামতের ফলে মেরামত করে চালানো অলাভজনক হইয়া পড়িয়াছে এরূপ মোটরযান;

৮.২.২ মডেল পরিবর্তনের দরুন বাজারে সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এরূপ মোটরযান;

৮.২.৩ মেরামত করে নির্ভরযোগ্য ব্যবহার উপযোগী করিতে যে সমস্ত মোটরযানের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশি ব্যয় হইবে এরূপ মোটরযান;

৮.২.৪ দুই-এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হইয়াছে এরূপ মোটরযান; এবং

৮.২.৫ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মোটরযানের কাঠামো দুমড়াইয়া/মুচড়াইয়া গিয়াছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হইয়াছে এরূপ মোটরযান।

৮.৩। **অকেজো ঘোষিত মোটরযান নিষ্পত্তি প্রক্রিয়া:**

৮.৩.১ কোন মোটরযান চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হওয়ার পর তা বিক্রয়ের নিমিত্ত বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করিবে। দরপত্র সিডিউলে মোটরযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করিতে হইবে। এ ক্ষেত্রে দরপত্রদাতাকে দরপত্রের সাথে আর্নেস্টমানি হিসাবে বিধি মোতাবেক পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট প্রদান করিতে হইবে;

৮.৩.২ দরপত্র প্রাপ্তির পর **বিএফআইডিসি'র** সংশ্লিষ্ট দরপত্র দরপত্র মূল্যায়ন কমিটি/ দরপত্র কমিটি দরপত্রগুলি পরীক্ষা করিয়া এর সুপারিশ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবে; এবং

৮.৩.৩ অকেজো ঘোষিত মোটরযান সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে **সাধারণ সেবা শাখা** অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার **০৫ নং অনুচ্ছেদ অনুযায়ী** যথাযথ কার্যক্রম গ্রহণ করিবে।

৯। নৌযান:

৯.১। **নৌযান অকেজো ঘোষণা করার জন্য অনুসৃত বিষয়াবলী:**

৯.১.১ মেরামতের অযোগ্য বা মেরামত করিয়া ব্যবহার অলাভজনক বলিয়া বিবেচিত নৌযান সম্পর্কে মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তর নির্ধারিত ছকে **(পরিশিষ্ট খ-১)** বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করিয়া উহা সরকারী যানবাহন অধিদপ্তরের পরিচালক (নৌ)-এর কার্যালয়ে প্রেরণপূর্বক প্রত্যক্ষ পরিদর্শন করিয়া মেরামতের অযোগ্যতার প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করিবে।

৯.১.২ সরকারী যানবাহন অধিদপ্তরের পরিচালক (নৌ)-এর কার্যালয়ের পরিদর্শক/ তদুর্ধ্ব কারিগরি কর্মকর্তা প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে সরেজমিনে নৌযানটি পরিদর্শন করিবেন এবং নৌযান মেরামত করিয়া ব্যবহার করা অলাভজনক হইলে নির্ধারিত ছকে **(পরিশিষ্ট খ-২)** কারিগরি প্রতিবেদন প্রণয়নপূর্বক উর্দ্ধতন কর্মকর্তার প্রতিস্বাক্ষরে অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মালিকানা দপ্তরে / ব্যবহারকারী দপ্তরে প্রেরণ করিবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করিয়া পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করিতে হইবে।

৯.১.৩ প্রতিবেদন প্রাপ্তির পর মালিকানা দপ্তর/ ব্যবহারকারী দপ্তর প্রয়োজনীয় কাগজপত্রসহ উহা স্বীয় মন্ত্রণালয়/ বিভাগের নিকট অকেজো ঘোষণার নিমিত্তে প্রেরণ করিবে।

৯.১.৪ নৌযানের ক্ষেত্রে ইঞ্জিন বা নৌযানের হালবডি অকেজো ঘোষণা করা যাইবে।

৯.২। **নৌযান অকেজো ঘোষণার নির্ণায়ক:**

৯.২.১ ঘন ঘন মেরামত করিতে হয় এবং পরিচালনার ব্যয় অলাভজনক হয় এইরূপ নৌযান/হালবডি/ইঞ্জিন।

৯.২.২ দীর্ঘকাল চলার পর মেরামত করিয়া নির্ভরযোগ্য ব্যবহারের উপযোগী করিতে যে সমস্ত নৌযান/হালবডি/ইঞ্জিন অনুরূপ নতুন একটির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হয়।

৯.২.৩ সাধারণ ক্ষয়-ক্ষতির কারণে যখন নৌযানের হালবডির ন্যূনতম ৬০% লোহার প্লেট/এ্যাংগেল ইত্যাদি বদলী করিতে হয় এইরূপ হালবডি।

৯.২.৪ কোন নৌযান/হালবডি/ইঞ্জিন দুর্ঘটনায় পড়িয়া বা প্রাকৃতিক দুর্যোগে ডুবিয়া গেলে বা উহার অবকাঠামো দুমড়াইয়া/মুচড়াইয়া যাওয়ার কারণে একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হইয়া যায় অথবা উহা পুনরায় উদ্ধার করিতে অথবা মেরামত করিতে অনুরূপ একটি নতুন নৌযানের বর্তমান মূল্যের ৭৫% এর বেশী ব্যয় হওয়ার সম্ভাবনা থাকে এইরূপ নৌযান/হালবডি/ইঞ্জিন।

৯.২.৫ কোন বড় ধরণের ক্রুটির জন্য কর্মক্ষমতা হ্রাস পাইয়াছে এবং নদীতে চালানো ঝুঁকিপূর্ণ বা নিরাপদ নয় এইরূপ নৌযান/ হালবডি/ইঞ্জিন।

৯.২.৬ ইঞ্জিনের জ্বালানী খরচ মাত্রাতিরিক্ত বেশী হওয়ার কারণে ইঞ্জিন চালানো ব্যয়বহুল হয় এইরূপ ইঞ্জিন।

৯.২.৭ মডেল পরিবর্তনের দরুণ ইঞ্জিনের উৎপাদন ও সরবররাহ বন্ধ বা অনিয়মিত থাকায় বাজারে নতুন যন্ত্রাংশের দুস্প্রাপ্যতা দেখা দেয় এইরূপ ইঞ্জিন।

## ৯.৩। অকেজো ঘোষিত নৌযান নিষ্পত্তি প্রক্রিয়া:

৯.৩.১ কোন নৌযান/হালবডি/ইঞ্জিন চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হইবার পর মালিকানা দপ্তর উহা বিক্রয়ের নিমিত্তে ২ টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় এবং স্থানীয়ভাবে ১ টি দৈনিক পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রচার করিবে। অকেজো ঘোষণার পর যেখানে যে অবস্থায় আছে সেই ভিত্তিতে অকেজো ঘোষিত নৌযান/হালবডি/ইঞ্জিন সীল্ড টেন্ডারের মাধ্যমে বিক্রয় করা যাইবে। দরপত্র সিডিউলে নৌযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করিতে হইবে। দরপত্রদাতা দরপত্রের সহিত আর্নেষ্টমানি হিসাবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করিবে।

৯.৩.২ দরপত্র প্রাপ্তির পর বিএফআইডিসি'র দরপত্র কমিটি দরপত্রগুলি পরীক্ষান্তে সুপারিশসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর প্রধানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবে।

৯.৩.৩ অকেজো ঘোষিত নৌযান/হালবডি/ইঞ্জিন সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে **সাধারণ সেবা শাখা** অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উপস্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার **৫ নং অনুচ্ছেদ অনুযায়ী** যথাযথ কার্যক্রম গ্রহণ করিবে।

## ১০। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি:

### ১০.১ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলি:

১০.১.১ ব্যবহারের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সম্পর্কে **বিএফআইডিসি'র আইসিটি শাখা/সাধারণ সেবা শাখা** নির্ধারিত ছকে **(পরিশিষ্ট-গ)** বিস্তারিত বিবরণসহ চেয়ারম্যানের অনুমোদনক্রমে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)- এর নিকট প্রেরণপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করিবে;

১০.১.২ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল মনোনীত কারিগরি প্রতিনিধি সংশ্লিষ্ট কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে **সরেজমিন পরিদর্শন করে অথবা প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে তা মেরামত করে ব্যবহার করা অলাভজনক হইলে অথবা ব্যবহারের** অনুপযোগী হইলে সে মর্মে ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রতিবেদন প্রদান করিবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করে পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করিতে হইবে;

১০.১.৩ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিবেদন প্রাপ্তির পর **আইসিটি শাখা/সাধারণ সেবা শাখা** তা সংযুক্ত করে কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির বিস্তারিত বিবরণ **(সংশ্লিষ্ট কাগজপত্রসহ)** অকেজো ঘোষণার নিমিত্ত মোটরযান/নৌযান/ কম্পিউটার/অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট প্রেরণ করিবে। অকেজো ঘোষণাকরণ কমিটি কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার সুপারিশ করিলে তা **চেয়ারম্যানের** অনুমোদনক্রমে চূড়ান্ত অকেজো ঘোষণার লক্ষ্যে **পর্ষদ সভায়** উপস্থাপন করিবে; এবং

১০.১.৪ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ইহার কাউন্সিলের অনুমোদনক্রমে মাঝে মাঝে পুরাতন প্রযুক্তিনির্ভর যে ধরনের কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে সাধারণভাবে অচল বলে ঘোষণা করিবে, সে ধরনের কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে **আইসিটি/ সাধারণ সেবা শাখা** ওপরের ১০.১.১, ১০.১.২, ১০.১.৩-এ বর্ণিত নিয়মাবলি মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করিয়া সরাসরি পরবর্তী ১০.৩.১ থেকে ১০.৩.৫ উপ-অনুচ্ছেদ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করিবে।

### ১০.২ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণায়ক:

১০.২.১ ঘন ঘন ত্রুটি দেখা যাচ্ছে এমন সব কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি যা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হইয়া পড়িয়াছে;

১০.২.২ যে সকল কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রয়েছে, মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের দরুন যার উৎপাদন ও সরবরাহ বন্ধ হইয়া গিয়েছে এরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি;

১০.২.৩ মেরামত করিয়া এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ সম্পূর্ণ ত্রুটিহীন ও সচল করে একই ক্ষমতাসম্পন্ন অনুরূপ যন্ত্রাদির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশি ব্যয় হইবে এরূপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি;

১০.২.৪ দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্ত হইয়াছে অথবা অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটিয়াছে এরূপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি;

১০.২.৫ হার্ডওয়ার-এর গোলযোগের কারণে বার বার ত্রুটিপূর্ণ ফলাফল প্রদান করছে অথচ কোনভাবেই ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটিমুক্ত করা সম্ভব হচ্ছে না এরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি;

১০.২.৬ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির আয়ুষ্কাল **(ওয়ারেন্টিকাল+অতিরিক্ত ৫ বছর = ন্যূনতম ৬ বছর)** অতিবাহিত হইয়াছে এবং কার্যকারিতা ভীষণভাবে কমিয়া গিয়াছে এমন কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

**১০.৩ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি নিষ্পত্তি প্রক্রিয়া:**

১০.৩.১ **সাধারণ সেবা শাখা/আইসিটি শাখা** অকেজো ঘোষিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিক্রয়ের জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিবে:

১০.৩.১.১ সংরক্ষিত মূল্য ৫০,০০০.০০ টাকার কম হইলে নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে দরপত্র আহবান করিতে হইবে;

১০.৩.১.২ সংরক্ষিত মূল্য ৫০,০০০.০০ টাকা বা তার বেশি হইলে একটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে দরপত্র আহবান করিতে হইবে;

১০.৩.১.৩ প্রাপ্ত দরপত্রসমূহ বিএফআইডিসির দরপত্র মূল্যায়ন কমিটির নিকট পেশ করিবে; এবং

১০.৩.১.৪ **সাধারণ সেবা শাখা/আইসিটি শাখা** দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য চেয়ারম্যানের নিকট উপস্থাপন করিবে।

১০.৩.২ যদি তা প্রদর্শনযোগ্য হয় তাহা হইলে প্রদর্শনের নিমিত্ত তাহা কোন সরকারি/ আধা- সরকারি/স্বায়ত্ত্বশাসিত যাদুঘর/ অনুরূপ প্রতিষ্ঠানে হস্তান্তর করা হইবে। **সাধারণ সেবা শাখা/আইসিটি শাখা** এ ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি সংরক্ষণ করিবে।

১০.৩.৩ দেশের কোন সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত গবেষণা/ শিক্ষা প্রতিষ্ঠান, প্রশিক্ষণ কাজে কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি হস্তান্তর করা যাইবে। **সাধারণ সেবা শাখা/আইসিটি শাখা** এ ধরণের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি সংরক্ষণ করিবে।

১০.৩.৪ অকেজো ঘোষিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে **সাধারণ সেবা শাখা/ আইসিটি শাখা** অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার **৫ নং অনুচ্ছেদ** অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবে।

১০.৩.৫ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিবেদনে যদি প্রতীয়মান হয় যে, অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির কোন সংরক্ষিত মূল্য নেই তবে **সাধারণ সেবা শাখা/ আইসিটি শাখা** এরূপ অকেজো ঘোষিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিনষ্ট করিতে পারিবে।

**১১। অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি:**

অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি যেমন-**টাইপরাইটার মেশিন, ফটোকপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, ফ্রাংকিং মেশিন, এয়ার-কন্ডিশনার, মানি কাউন্টিং মেশিন, জাল নোট সনাক্তকরণ মেশিন, রেফ্রিজারেটর, মাইক্রোওভেন** ইত্যাদি অকেজো ঘোষণাকরণের নিমিত্ত ব্যবহারকারী দপ্তর একটি নির্ধারিত ছকে **(পরিশিষ্ট-ঘ)** প্রয়োজনীয় তথ্যাবলি প্রস্তুত করিবে। **সাধারণ সেবা প্রকৌশলী শাখা** যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের জন্য অভিজ্ঞ কর্মকর্তা/ প্রকৌশলী সমন্বয়ে কমপক্ষে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করিবে। নির্ধারিত ছকে প্রদত্ত তথ্যাবলি বিবেচনা করিয়া এবং প্রত্যক্ষ পরিদর্শনের মাধ্যমে এ কমিটি যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ সম্পর্কে মতামত প্রদান করিবে, যাতে বর্তমান বাজার মূল্য বিবেচনায় একটি সংরক্ষিত মূল্য ধার্য্য থাকিবে। উক্ত কারিগরি কমিটির মতামতের ভিত্তিতে উক্ত যন্ত্রপাতি অকেজো ঘোষণা করার জন্য **বিএফআইডিসি'র** যানবাহন/ নৌযান/কম্পিউটার/অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট পেশ করিবে। কমিটি কর্তৃক অকেজো ঘোষণা করা হইলে **সাধারণ সেবা শাখা** তাহা চূড়ান্ত অনুমোদনের জন্য চেয়ারম্যানের নিকট উপস্থাপন করিবে। অকেজো ঘোষিত যন্ত্রপাতি নিম্নোক্তভাবে বিক্রয় করিতে হইবে:

১১.১ সংরক্ষিত মূল্য ৫০,০০০.০০ টাকার কম হইলে নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে দরপত্র আহবান করিতে হইবে;

১১.২ সংরক্ষিত মূল্য ৫০,০০০.০০ টাকা বা তার বেশি হইলে একটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে দরপত্র আহবান করিতে হইবে;

১১.৩ প্রাপ্ত দরপত্রসমূহ বিএফআইডিসির দরপত্র মূল্যায়ন কমিটির নিকট পেশ করিতে হইবে; এবং

১১.৪ **সাধারণ সেবা শাখা** দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য চেয়ারম্যানের নিকট উপস্থাপন করিবে।

# বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
## বনশিল্প ভবন
৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, প্রধান কার্যালয়, ঢাকা

web: www.bfidc.gov.bd

### বিএফআইডিসি'র মোটরযান অকেজো ঘোষণাকল্পে সরবরাহযোগ্য তথ্যবিবরণী:

১। (ক) রেজি নং......................তারিখ:.....................(খ) নির্মাতা:....................................

(গ) গাড়ির ধরন: ...................................................(ঘ) প্রস্তুতকাল ....................................

(ঙ) চেসিস নং:.......................................................মডেল:................................................

(চ) ইঞ্জিন নং:.......................................................মডেল:...............................................

(ছ) ইঞ্জিন পেট্রোল/ডিজেল/গ্যাস:...............................(জ) সিলিন্ডারের সংখ্যা:.........................

(ঝ) কিলোমিটার প্রতি লিটারে: .......................................................................................

২. (ক) মোট কত দিন বিকল আছে:...................................................................................

(খ) বৈকল্যের কারণসমূহ:............................................................................................

(১) ..................................................................................................................

(২) ..................................................................................................................

(৩) ..................................................................................................................

(৪) ..................................................................................................................

(৫) ..................................................................................................................

(৬) ..................................................................................................................

(৭) ..................................................................................................................

(৮) ..................................................................................................................

(৯) ..................................................................................................................

৩ (ক) মোটরযানটি যে স্থানে বর্তমানে আছে: .............................................................. .............................................................. .............................................................. ..............................................................

খ) মোটরযান নিয়ন্ত্রণকারী:
নাম ও পদবি:..................................................
অফিস:..........................................................
ঠিকানা:........................................................
টেলিফোন নং....................................................

৪। মোটরযান প্রাপ্তির উৎস /ক্রয়মূল্য/ক্রয়ের তারিখ:..................................................

৫। প্রতিবারের মেজর ইউনিটসমূহের ওভারহলিং- এর তারিখ ও মেরামত কাজের খরচের বিস্তারিত বিবরণ:..................................................................................................

৬। মোটরযান মোট কত কিলোমিটার চলেছে:.................................................

(ক) নতুন অবস্থায় কত কিলোমিটার চলেছে:.................................................

(খ) ইঞ্জিনের প্রথম ওভারহলিং-এর পর কত কিলোমিটার চলেছে:...............................

এবং মেরামত খরচ:.......................................................................টাকা

(গ) ইঞ্জিনের দ্বিতীয় ওভারহলিং-এর পর কত কিলোমিটার চলেছে: ..............................

এবং মেরামত খরচ:.......................................................................টাকা

(ঘ) ইঞ্জিনের তৃতীয় ওভারহলিং-এর পর কত কিলোমিটার চলেছে:..............................

মেরামত খরচ:...........................................................................টাকা

(ঙ) ইঞ্জিন ব্যতীত অন্যান্য খরচ:................................................... টাকা

ইহা বর্তমান আনুমানিক বাজার মূল্যের শতকরা কত ভাগ..........................

(চ) ক্রয় এর তারিখ হতে অচল হওয়া পর্যন্ত সর্বমোট মেরামত খরচ:................................ টাকা

৭। মোটরযানটির আনুমানিক বর্তমান বাজার মূল্য:...........................................

৮। মেরামতের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা সম্ভব কি?..............................

৯। বর্তমানে মেরামত করিতে কত টাকা খরচ হইতে পারে:......................................টাকা
এবং ইহা বর্তমান আনুমানিক বাজারমূল্যের শতকরা কত ভাগ..................................

১০। অকেজো ঘোষণা করার পক্ষে যুক্তি: ..................................................
(প্রয়োজনে আলাদাভাবে দেওয়া যাইতে পারে)

| | | |
|---|---|---|
| ------------------------- | ----------------------- | ---------------------------- |
| বিবরণ প্রস্তুতকারীর স্বাক্ষর ও পদবি | সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সিল | বিভাগীয় প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর (নাম, পদবি ও সিল) |

পরিশিষ্ট-ক-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ

পরিদর্শনের তারিখ:---------------------

**বিষয়: সরকারি মোটরযান অকেজো ঘোষণার জন্য পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন।**

রেজিস্ট্রেশন নং ................................তৈরির সন:........................ গাড়ীর ধরণ:..................................

মোটরযান চালকের নাম:...................... .চেসিস নং............................. ইঞ্জিন নং.................................

ইঞ্জিন: পেট্রোল/ ডিজেল/গ্যাস:................................................. সিলিন্ডারের সংখ্যা............................টি।

বিকল/ চালু, প্রতি লিটারে কত কি. মি.............................................................................................

১। **পর্যবেক্ষণ :**.. ..........................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

| ক্র নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল | বর্তমান অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১.১ | ইঞ্জিন এসেম্বলি | সম্পূর্ণ/অসম্পূর্ণ/অকেজো/নেই | | |
| ১.২ | সাইলেন্সার এসেম্বলি | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| ১.৩ | **কুলিং সিস্টেম:**<br>রেডিয়েটর<br>ফ্যান<br>ওয়াটার পাম্প | <br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| ১.৪ | **ফুয়েল সিস্টেম:**<br>ফুয়েল ট্যাংক<br>ফুয়েল পাম্প<br>কার্বোরেটর/এফ, আই,পাম্প<br>ইনজেকটার<br>এয়ার ক্লিনার | <br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| ১.৫ | **ইলেট্রিক্যাল সিস্টেম:**<br>ব্যাটারী<br>সেল্ফ স্টার্টার<br>অলটারনেটর/ডায়নামো<br>কাট আউট<br>হর্ণ<br>হেড ল্যাম্প<br>সাইড ল্যাম্প/ পার্কিং ল্যাম্প<br>টেইল ও স্টপ ল্যাম্প<br>ইন্ডিকেটর<br>ইলেক্ট্রিক্যাল ওয়্যারিং | <br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই | | |

| ক্র নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল | বর্তমান অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১.৬ | **<u>ইগনিশান সিস্টেম:</u>** | | | |
| | ইগনিশান সুইচ | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | ইগনিশান কয়েল | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | ডিস্ট্রিবিউটর | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | স্পার্ক প্লাগ | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | এইচ. টি তার | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| [illegible] | **<u>ক্লাচ সিস্টেম:</u>** | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | **<u>স্টিয়ারিং সিস্টেম:</u>** | | | |
| | ষ্টিয়ারিং কলাম | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | ষ্টিয়ারিং হুইল | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | বল জয়েন্ট/কিং পিন | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | টাইরড এন্ড | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| ১.৯ | **<u>ট্রান্সমিশন সিস্টেম:</u>** | | | |
| | গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | গিয়ার লিভার | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | সাহায্যকারী গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | প্রপেলার শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | ডিফারেনশিয়্যাল | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | সামনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | পিছনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | চেইন এবং স্প্রোকেট | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| ১.১০ | **<u>সাসপেনশন সিস্টেম:</u>** | | | |
| | ইন্ডিপেনডেন্ট সাসপেনশন | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | সাসপেনশন স্প্রীং এসেম্বলি | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | শক এবজরভার | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| ১.১১ | **চেসিস ফ্রেম** | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| **১.১২** | **ব্রেক সিস্টেম: হ্যান্ড ব্রেক** | কার্যোপযোগী/অকেজো/নেই<br>কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| ১.১৩ | **বিবিধ:** | | | |
| | হুইল রিম | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | টায়ার টিউব | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | ড্যাশ বোর্ড | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | বাম্পার | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | বডি/ছাদ / ফ্লোর | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | মাডগার্ড | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | দরজা | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | উইন্ডোশিল্ড গ্লাস | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সিট সমূহ | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | পশ্চাৎদর্শন আয়না | কার্যোপযোগী/অকেজো/নেই | | |
| | রং | সঠিক আছে /নেই /নষ্ট | | |
| | | **মোট আনুমানিক মূল্য** | | |

২। মোটরযানটির সংরক্ষিত মূল্য:......................................................................................................

৩। মেরামত করিতে খরচের পরিমাণ:...............................................................................................

৪। মেরামত পরবর্তী আনুমানিক মূল্য:.............................................................................................

৫। পরিদর্শকের মতামত: ..................................................................................................................

পরিদর্শকের স্বাক্ষর ও সিল

সহকারি পরিচালক(ইঞ্জিনিয়ারিং) বিআরটিএ

(স্বাক্ষর ও সিল)

## সরকারি নৌযান অকেজো ঘোষণার জন্য মালিকানা দপ্তর কর্তৃক

## সরবরাহযোগ্য তথ্য বিবরণী

১। **নৌযানের হালবডির বিস্তারিত বিবরণ:**

(ক) নৌযানের নাম :
(খ) প্রিন্সিপ্যাল ডায়ম্যানশন :
(গ) সংগ্রহের তারিখ ও ক্রয়মূল্য :
(ঘ) বডিখানা যে ম্যাটেরিয়ালস এর তৈরি :
(ঙ) কত দিন যাবত অচল অবস্থায় আছে :
(চ) এ পর্যন্ত নৌযানটির সর্বমোট মেরামত ব্যয়(ইঞ্জিন ব্যতীত) :
(ছ) হাল বডিখানার বর্তমান অবস্থান ও অবস্থা :
(জ) অকেজো ঘোষণার কারণ :

২। **নৌযানের ইঞ্জিনের বিস্তারিত বিবরণ:**

(ক) ইঞ্জিনের নাম ও ক্রমিক নং :
(খ) ইঞ্জিনের মেইক, মডেল, অশ্বশক্তি :
(গ) ইঞ্জিনের জ্বালানী খরচ প্রতি ঘন্টায় :
(ঘ) কত দিন যাবত অচল অবস্থায় আছে। :
(ঙ) এ পর্যন্ত সর্বমোট কত ঘন্টা রানিং করিয়াছে (লগ বই অনুযায়ী) :
(চ) এ পর্যন্ত সর্বমোট মেরামত ব্যয় :
(ছ) অকেজো ঘোষণার কারণ :

৩। **নৌযানের জেনারেটর সম্পর্কে বিস্তারিত বিবরণ:**

(ক) ইঞ্জিনের নাম, মেইক ও মডেল :
(খ) বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা :
(গ) কতদিন যাবত অচল অবস্থায় আছে :
(ঘ) অকেজো ঘোষণার কারণ :

| | |
|---|---|
| **তথ্যবিবরণী প্রস্তুতকারীর স্বাক্ষর ও সিল** | **প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার স্বাক্ষর ও সিল** |

পরিশিষ্ট খ-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক নৌ-এর কার্যালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা

**সরকারি নৌযান, অকেজো ঘোষণার জন্য কারিগরি প্রতিবেদন:**

**পরিদর্শনের তারিখ..................**

**নৌযানের নামঃ**

**নৌযানটি তৈরি ও সংগ্রহের তারিখঃ.....................**

**বর্তমান অবস্থান:**

**রেজিস্ট্রেশন নাম্বার ও তারিখঃ**

**সম্পূর্ণ নৌযানটির (ইঞ্জিনসহ ক্রয়মূল্য):**

১। **হালবডি অংশঃ**

(ক) প্রিন্সিপাল ডায়মেনশন যথা- **দৈর্ঘ্য ........., প্রস্থ................., গভীরতা.............................।**
(খ) হালবডির অবকাঠামো যে ম্যাটেরিয়াল দ্বারা তৈরি :
(গ) কত দিন যাবত অচল অবস্থায় আছে :
(ঘ) এ পর্যন্ত সর্বমোট মেরামত ব্যয় :

২। **<u>হালবডির জন্য প্রযোজ্য:</u>**

(ক) নৌযানের হালবডি থেকে প্রাপ্ত স্ক্র্যাপ মালামালের পরিমাণ এবং আনুমানিক সংরক্ষিত মূল্য **<u>(বিস্তারিত আলাদা কাগজে সংযোজন করিতে হইবে)</u>** :

(খ) হুইল হাউজ সুপারস্ট্রাকচার, হালবডি হইতে প্রাপ্ত মালামাল, যন্ত্রপাতির স্ক্র্যাপ হিসাবে আনুমানিক বাজার মূল্য **(বিস্তারিত আলাদা কাগজে সংযোজন করিতে হইবে)**

৩। **হালবডির সর্বমোট সংরক্ষিত মূল্য: (ক+খ)** **: ....................................**

৪। **<u>ইঞ্জিন অংশ:</u>**

(ক) ইঞ্জিনের নাম, ব্রান্ড, ক্রমিক নং :
(খ) ইঞ্জিনের মেইক, মডেল ও অশ্বশক্তি :
(গ) ইঞ্জিনের সিলিন্ডার সংখ্যা :
(ঘ) ইঞ্জিনের জ্বালানী খরচ প্রতি ঘন্টায় : নতুন অবস্থায়:......................
বর্তমান অবস্থায়:...................
(ঙ) এ পর্যন্ত সর্বমোট কত ঘন্টা রানিং করিয়াছে :.......................................
(চ) ক্রয় সাল ও ক্রয়মূল্য :.......................................
(ছ) এ পর্যন্ত সর্বমোট মেরামত ব্যয় :.......................................

৫। **ইঞ্জিনের জন্য প্রযোজ্য:**

| ক্রমিক নং | ইউনিট/যন্ত্রাংশের নাম | বর্তমান অবস্থা | আনুমানিক বাজার মূল্য |
|---|---|---|---|
| ৫.১ | **ইঞ্জিনের বডি সিস্টেম:** | | |
| | ইঞ্জিন এসেম্বলি সিস্টেম | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | সিলিন্ডার হেড ও কীট সিলিন্ডার | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | পাওয়ার কীটস | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | সিলিন্ডার ব্লোক | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| ৫.২ | **ফুয়েল সিষ্টেম:** | | |
| | ইনজেক্টর নোজেল/স্পার্ক প্লাগ | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | এ.সি পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | হাইপ্রেশার ফুয়েল পাম্প/কার্বোরেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | ফুয়েল সার্ভিস ট্যাংক | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| ৫.৩ | **কুলিং সিষ্টেম:** | | |
| | কুলিং ওয়াটার পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | কুলিং ফ্যান | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | হিট এক্সচেঞ্জার | | |
| ৫.৪ | **প্রপালশন সিষ্টেম:** | | |
| | গিয়ার বক্স/গিয়ার এসেম্বলি | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | প্রপেলার শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | প্রপেলার | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | স্টীয়ারিং হুইল | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| ৫.৫ | **স্টার্টিং সিস্টেম** | | |
| | সেলফ ষ্টার্টার/ষ্টার্টার এসেম্বলি | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | চার্জিং ডায়ানামো/সিডিআই ইউনিট ও পাওয়ার প্যাক | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | কাট-আউট/ইগনেশন কয়েল | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | হেভি ডিউটি ব্যাটারী/ব্যাটারী | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | মিটার | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | **মোট আনুমানিক মূল্য:** | | = |

৬। **অক্সিলারি জেনারেটর** : কার্যোপযোগী/অকেজো/নাই

মেইক, মডেল, অশ্বশক্তি

সিলিন্ডার সংখ্যা, বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা:.............................................

৭। ইঞ্জিনের সর্বমোট সংরক্ষিত মূল্য (৫+৬): ........................................................

৮। নৌযানটির (হালবডি+ ইঞ্জিন) সর্বমোট সংরক্ষিত মূল্য (৩+৭) :.........................................

৯। (ক) নৌযান/হালবডি/ইঞ্জিন মেরামত করত: সচল ও ব্যবহার উপযোগী করিতে খরচ পড়িবে:..........
...........................................

(খ) এই খরচ নতুন নৌযান/হালবডি/ইঞ্জিন-এর বর্তমান বাজার মূল্যের শতকরা..................ভাগ।

১০। অকেজো ঘোষণার পক্ষে কারিগরি যুক্তি (প্রয়োজনে আলাদা শীট ব্যবহার করা যাবে):

১১। **পরিদর্শনকারী কর্মকর্তার মতামত: ......................................................................।**

**প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার**
**স্বাক্ষর ও সিল**

**প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার**
**স্বাক্ষর ও সিল**

পরিশিষ্ট-গ

## অচল/ অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির তথ্য বিবরণী

অংশ-'ক'

(মালিকানা দপ্তর পূরণ করিবে)

(প্রয়োজনবোধে আলাদা শীট ব্যবহার করা যাইবে)

**দপ্তর ................................. মন্ত্রণালয়/ বিভাগ: ................................................**

**প্রতিবেদনের তারিখ: ...............................।**

| তথ্য শিরোনাম | কম্পিউটার | আনুষঙ্গিক যন্ত্রপাতি |
|---|---|---|
| আইটেম নং | | |
| ব্রান্ড /মডেল | | |
| সংক্ষিপ্ত স্পেসিফিকেশন | | |
| ক্রয়/সংগ্রহের বৎসর | | |
| সরবরাহকারী প্রতিষ্ঠান | | |
| ওয়ারেন্টি কাল | | |
| ক্রয়মূল্য | | |
| রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ **(সর্বশেষ ৫ বৎসর)** | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| রক্ষণাবেক্ষণ ব্যয় **(সর্বশেষ ৫ বৎসর)** | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| বিকল হওয়ার তারিখ | | |
| বৈকল্যের কারণ/ লক্ষণ | | |
| অকেজো ঘোষণাকরণের পক্ষে যুক্তি | | |
| মন্তব্য | | |

**বিভাগীয় প্রধান/ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর**
**(নাম, পদবি ও সিল)**

**বিবরণী প্রস্তুতকারীর স্বাক্ষর:**
**তারিখ :**

# অংশ-খ

## (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ব্যবহারের জন্য)

বিসিসি'র একজন উপযুক্ত কারিগরি প্রতিনিধি (কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করে) নীচের অংশ পূরণ করিয়া স্বাক্ষর করিবেন:

১। সাধারণ পর্যবেক্ষণ:

২। অকেজো ঘোষণা সংক্রান্ত সুপারিশ:

৩। সংরক্ষিত মূল্য:

৪। মন্তব্য :

| | |
|---|---|
| কারিগরি প্রতিনিধির স্বাক্ষর | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর |
| নাম : | নাম : |
| পদবি : | পদবি : |
| তারিখ : | তারিখ : |

# অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরনের নিমিত্ত সংশ্লিষ্ট তথ্যাবলী

**পরিশিষ্ট-ঘ**

**দপ্তরের নাম :** ..........................................................................................................

**দপ্তরের ঠিকানা:** ..........................................................................................................

**অচল/ অকেজো ঘোষণাযোগ্য টাইপরাইটার, ডুপ্লিকেটিং মেশিন, ফটোকপিয়ার, ফ্র্যাংকিং মেশিন, এয়ার কন্ডিশনার, মানি কাউন্টার মেশিন, জাল নোট সনাক্তকরণ মেশিন, রেফ্রিজারেটর, মাইক্রোওভেন, ইত্যাদি যন্ত্রপাতির তথ্যবিবরণী:**

**প্রতিবেদনের তারিখ:** ..........................................................

১। মেশিনের নাম :

২। (ক) মেশিনের নম্বর :
(খ) মডেল নম্বর :
৩। (ক) সংগ্রহের উৎস :
(খ) সংগ্রহের /ক্রয়ের তারিখ :
(গ) ক্রয়মূল্য :
৪। মেশিনটি কত বৎসর ব্যবহৃত হইয়াছে :

৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ :
(রক্ষণাবেক্ষণের ব্যয় উল্লেখ করিতে হইবে)

৬। (ক) বিকল হওয়ার তারিখ :
(খ) বিকল হওয়ার কারণ :

৭। অকেজো ঘোষণা করিবার পক্ষে যুক্তি : ..........................................................................

**প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার**
**স্বাক্ষর ও সীল**

**৮। প্রত্যক্ষ পরিদর্শনের পর কারিগরি কমিটির মন্তব্য :**
**(বর্তমান বাজার মূল্য বিবেচনায় সংরক্ষিত মূল্য ধার্য্য করিতে হইবে)।**

| সদস্য<br>কারিগরি কমিটি | সদস্য<br>কারিগরি কমিটি | সভাপতি/ আহবায়ক<br>কারিগরি কমিটি |
|---|---|---|

৯। অফিস প্রধানের মতামত :

অফিস প্রধানের
স্বাক্ষর ও সিল

# কমিটির সদস্য - ২০২৩

স্বাক্ষরিত -
তাং-
(তন্ময় বিশ্বাস)
সহব্যবস্থাপক(সাসে)(অ.দা.)
ও
সদস্য
বিএফআইডিসি'র
মোটরযান, নৌ-যান,
কম্পিউটার ও অফিসে
ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি
অকেজো ঘোষণাকরণ এর
খসড়া নীতিমালা প্রণয়ন
সংক্রান্ত কমিটি
বিএফআইডিসি, সদর দপ্তর,
ঢাকা

স্বাক্ষরিত -
তাং-
(মোঃ মাসুদ রানা)
সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)
ও
সদস্য
বিএফআইডিসি'র
মোটরযান, নৌ-যান,
কম্পিউটার ও অফিসে
ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি
অকেজো ঘোষণাকরণ এর
খসড়া নীতিমালা প্রণয়ন
সংক্রান্ত কমিটি
বিএফআইডিসি, সদর দপ্তর,
ঢাকা

স্বাক্ষরিত -
তাং-
(মোহাম্মদ আব্দুল বাকি)
ব্যবস্থাপক (পার্সোন্যাল)
ও
সদস্য-সচিব
বিএফআইডিসি'র
মোটরযান, নৌ-যান,
কম্পিউটার ও অফিসে
ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি
অকেজো ঘোষণাকরণ এর
খসড়া নীতিমালা প্রণয়ন
সংক্রান্ত কমিটি
বিএফআইডিসি, সদর দপ্তর,
ঢাকা

স্বাক্ষরিত -
তাং-
(মোঃ জিয়াউল হক)
ব্যবস্থাপক (নিরীক্ষা)
ও
সদস্য
বিএফআইডিসি'র
মোটরযান, নৌ-যান,
কম্পিউটার ও অফিসে
ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি
অকেজো ঘোষণাকরণ এর
খসড়া নীতিমালা প্রণয়ন
সংক্রান্ত কমিটি
বিএফআইডিসি, সদর দপ্তর,
ঢাকা

স্বাক্ষরিত -
তাং-
(মোঃ ফারুক হোসেন)
মহাব্যবস্থাপক (রাবার)
ও
সদস্য
বিএফআইডিসি'র
মোটরযান, নৌ-যান,
কম্পিউটার ও অফিসে
ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি
অকেজো ঘোষণাকরণ এর
খসড়া নীতিমালা প্রণয়ন
সংক্রান্ত কমিটি
বিএফআইডিসি, সদর দপ্তর,
ঢাকা

স্বাক্ষরিত -
তাং-
(মোঃ আবুল আমিন)
সচিব
ও
সদস্য
বিএফআইডিসি'র
মোটরযান, নৌ-যান,
কম্পিউটার ও অফিসে
ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি
অকেজো ঘোষণাকরণ এর
খসড়া নীতিমালা প্রণয়ন
সংক্রান্ত কমিটি
বিএফআইডিসি, সদর দপ্তর,
ঢাকা

স্বাক্ষরিত -
তাং-
**(এস.এম. মঈন উদ্দীন আহম্মেদ)**
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)
ও
সদস্য
বিএফআইডিসি'র
মোটরযান, নৌ-যান,
কম্পিউটার ও অফিসে
ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি
অকেজো ঘোষণাকরণ এর
খসড়া নীতিমালা প্রণয়ন
সংক্রান্ত কমিটি
বিএফআইডিসি, সদর দপ্তর,
ঢাকা

স্বাক্ষরিত -
তাং-
(নেছার আহমদ)
পরিচালক (উৎপাদন ও বাণিজ্য)
ও
আহবায়ক
বিএফআইডিসি'র
মোটরযান, নৌ-যান,
কম্পিউটার ও অফিসে
ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি
অকেজো ঘোষণাকরণ এর
খসড়া নীতিমালা প্রণয়ন
সংক্রান্ত কমিটি
বিএফআইডিসি, সদর দপ্তর,
ঢাকা

